

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৭৯

२४/ (प्रांश (کتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৬. রাতে কারো ঘুম ভেঙ্গে গেলে সে যে দোয়া পড়বে

بَابِ مَا يَدْعُو بِهِ إِذَا انْتَبَهَ مِنْ اللَّيْلِ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ، أَنْبَأَنَا شَيْبَانُ، عَنْ يَحْيَى، عَنْ أَبِي سَلَمَةَ، أَنَّ رَبِيعَةَ بْنَ كَعْبِ الأَسْلَمِيَّ، أَخْبَرَهُ أَنَّهُ، كَانَ يَبِيتُ عِنْدَ بَابِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَكَانَ يَسْمَعُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ مِنَ اللَّيْلِ " سُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَالَمِينَ " . الْهَوِيَّ ثُمَّ يَقُولُ " سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ " .

#### বাংলা

২/৩৮৭৯। রবীআ ইবনে আল-আসলাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর ঘরের দারদেশে রাত যাপন করতেন। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে রাতে দীর্ঘ সময় ধরে বলতে শুনতেন, ''বিশ্বজাহানের প্রতিপালক আল্লাহ্ মহাপবিত্র'', অতঃপর বলতেনঃ ''আল্লাহ্ সম্পূর্ণ পবিত্র এবং প্রশংসা তাঁর প্রাপ্য''।

## **English**

Rabi'ah bin Ka'b Al-Aslami narrated that he used to spend the night outside the door of the Messenger of Allah (ﷺ), and he used to hear the Messenger of Allah (ﷺ) saying at night:

"Subhan Allahi Rabbil-'alamin (Glory is to Allah, the Lord of the worlds)," repeating that for a while, then he said: Subhan Allahi wa bihamdihi (Glory and praise is to Allah)."

## ফুটনোট

মুসলিম ৪৮৯, তিরমিয়ী ৩৪১৬, নাসায়ী ১১৩৮, ১৬১৮, আহমাদ ১৬১৩৮, সহীহ আবু দাউদ ১১৯৩। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুআবিয়াহ বিন হিশাম সম্পর্কে আবুল ফারাজ আল-জাওয়ী বলেন, তার



থেকে কেউ হাদিস শ্রবন করেনি তবে যারা হাদিস শ্রবন করেছে তারা তা বর্জন করেছে। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৬৭, ২৮/১২৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন